

তারিখ: 1 JUL 2012

আজ ঢাবির ৯১তম প্রতিষ্ঠাবার্ষিকী

অবুল কালাম মোহাম্মদ

আজ রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) দিবস। ১৯২১ সালের ১ জুলাই প্রতিষ্ঠিত হয়েছিল ঢাকা বিশ্ববিদ্যালয়। প্রাচ্যের অল্পকয়েকখ্যাত দেশের সেরা এই বিদ্যাপীঠ আজ ৯২ বছরে পা দেবে। এ বছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে 'নারীর ক্ষমতায়নে উচ্চশিক্ষা'।

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে এবার ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন করা হবে। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ক্যাম্পাসে দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির মধ্যে রয়েছে- সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের হলসমূহ থেকে শোভাযাত্রা সহকারে প্রশাসনিক ভবন-সংলগ্ন মল চত্বরে জমায়েত, সোয়াম ৯টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ও হলসমূহে পতাকা উত্তোলন, আজ : পৃষ্ঠা : ২ ক :

আজ : ঢাবির (১৬ পৃষ্ঠার পর)

কেক কটা ও শোভাযাত্রাসহ ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) গমন। সকাল ১০টায় নৃত্যানুষ্ঠানের মাধ্যমে উদ্বোধন করা হবে দিবসটির। সকাল ১০টা ৫ মিনিটে টিএসসি মিলনায়তনে আলোচনা ও স্মৃতিচারণমূলক অনুষ্ঠান। এতে 'নারীর ক্ষমতায়নে উচ্চশিক্ষা' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করবেন ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমানের পরিচালনায় আয়োচনা সভায় প্রধান অতিথি থাকবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং বিশেষ অতিথি থাকবেন উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। আলোচনায় অংশগ্রহণ করবেন সাবেক উপাচার্য, উপ-উপাচার্য, প্রফেসর এমিরিটাস, শিক্ষক কর্মকর্তা ও কর্মচারী সমিতির প্রতিনিধিরা।

এছাড়া, সকাল ১০টায় বায়োমেডিকেল ফিল্ডের জ্যাক টেকনোলজি বিভাগের উদ্যোগে গবেষণা ও আবিষ্কার-বিষয়ক প্রদর্শনী, বিকেল ৩টায় ঢাবি এবং বাংলাদেশ ট্যুরিজম-বিষয়ক কুইজ প্রতিযোগিতা, বিকেল ৪টায় টিএসসি মিলনায়তনে ডিইউডিএসের আয়োজনে বিতর্ক অনুষ্ঠান এবং বিকেল ৪টা ৫০ মিনিটে প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় স্টাডেন্টস সন্নিহিত বিকেল ৩টায় কেন্দ্রীয় খেলার মাঠে প্রীতি ফুটবল ম্যাচের আয়োজন করেছে।

বিকেল ৫টায় টিএসসি মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করবেন সংগীত বিভাগ ও ঢাবির সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা। সন্ধ্যা ৭টায় নাট্যকলা বিভাগের উদ্যোগে পরিবেশিত হবে নাটক। একইদিন টিএসসি মিলনায়তন প্রাঙ্গণে সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত পেছায় রক্তমান কর্মসূচি ও ঢাবি গ্রন্থাগারে পাণ্ডুলিপি প্রদর্শনী; সকাল ১০টায় চারুকলা অনুষদে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা; ১১টায় মার্কেটিং বিভাগের উদ্যোগে সেমিনার, ফেলা, রমা বিতর্ক ও অন্য কর্মসূচি; সকাল সাড়ে ৯টায় জ্বিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি বিভাগে বিভিন্ন অনুষ্ঠান এবং বিকেল ৪টায় প্রশাসনিক ভবন-সংলগ্ন মল চত্বরে আবর্তি, দেশান্তরবোধক পান, বাউল সংগীত ও অওয়ালি পরিবেশন করা হবে। বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে হল, বিভাগ ও অন্য অফিস খোলা থাকবে।